

পাখিটা

আকাশের ভিতরে আকাশে
ভারহীন শূন্যতার খুব কাছাকাছি এসে
লাটাই ছেঁড়া ঘুড়ির মতো
পাক খেতে খেতে
পাখি এসে পড়লো
ঠিক আমার হাতের তালুতে।

আমি হাত পেতে তাকে
কাছে টেনে নিলাম।

সেই থেকে পাখিটা দিব্যি আছে
শিস্ দেয়, গান গায়
ফুলের গাছের ডালে দোল খেতে খেতে
টু দিযে ঝোপের ভিতরে পালায়।

আমি হাসতে হাসতে
প্রাণ ভরে খুঁজি খোঁজার আনন্দে।

রাম বসু

